Bengali

## *কীভাবে আমার সন্তানের মূল্যায়ন করা হবে?*

পরিবারগুলি এই ভেবে উদ্বিগ্ন হতে পারেন যে যদি তারা ইংরাজি না জানে তাহলে তাঁদের সন্তানদের জ্ঞান অথবা দক্ষতার মূল্যায়ন করা যাবে না। এটি একটি গুরুত্বপূর্ণ সমস্যা। নিউ ইয়র্ক স্টেটে, প্রিকিন্ডারগার্টেন প্রোগ্রামগুলি, শিশুদের মূল্যায়ন করার উদ্দেশ্যে একাধিক ভাষাভিত্তিক সংস্থানগুলিতে পুঁজি নিবেশ করে। এই সংস্থানগুলির মধ্যে অন্তর্ভুক্ত হয় অনুদিত মূল্যায়ন এবং দোভাষীভিত্তিক পরিষেবাগুলি।

প্রিকিন্ডারগার্টেনের শিক্ষকরাও শ্রেণীকক্ষের পর্যবেক্ষণের মাধ্যমে শিশুগুলির মূল্যায়ন করতে সক্ষম। তাঁরা, তাদের আচরণ এবং উপাদানগুলির ব্যবহারের মাধ্যমে দেখতে পারেন যে শিশুগুলি কিসে দক্ষ হয়েছে এবং কোনগুলি তারা এখনও শিখছে। শিক্ষকদের, শিশুগুলি বাড়িতে কী করতে পারে, সেটিও তাদের আরও ভালো বুঝতেও শিক্ষকদের সাহায্য করে।

## *আমার সন্তান কী বিভ্রান্ত হয়ে পড়বে?*

না। দুটি ভাষা এবং একাধিক ভাষা ব্যবহারকারী ব্যক্তিরা, এমন কী শিশুগুলিও, নিজেদের প্রকাশ করার জন্য একাধিক ভাষার শব্দগুলি ব্যবহার করতে পারে। কোনো কোনো সময়ে তারা, যেমনভাবে কথা বলে, ভাষা মিশ্রিত করতে পারে, কিন্তু এটি বিভ্রান্তির একটি লক্ষণ নয়। শিশুটিকে ভাষাগুলিকে পৃথক করার জন্য জোর করার প্রয়োজন নাই। পরিবর্তে, বাড়ির প্রাপ্তবয়স্ক মানুষেরা, শব্দভান্ডার এবং ভাষাভিত্তিক অন্যান্য দক্ষতাগুলি গড়ে তোলা প্রচলিত রাখার জন্য শিশুটির সঙ্গে বাড়ির ভাষাই ব্যবহার করতে পারেন। শিশুটি স্কুলেও ভাষা মিশ্রিত করতে পারে, শিক্ষকও, যখন তারা ইংরাজি শিখবে তখন বাড়ির ভাষাটিও ব্যবহার করতে দেবেন।

যখন আপনার সন্তান একসঙ্গে করার জন্য প্রোজেক্ট অথবা বাড়িতে করার কাজগুলি বাড়িতে নিয়ে আসে, তখন বাড়ির ভাষা ব্যবহার করাটি সেগুলি সম্পূর্ণ করার ক্ষেত্রে সহায়ক হয়। এইভাবে, আপনার সন্তানটিকে তার জানা ইংরাজি শব্দগুলিতে সীমিত থাকতে হবে না। আপনি তাদের, স্কুলে তারা ইংরাজিতে যা শিখেছে সেটিকেই আরও বলিষ্ঠ করে তুলতে পারেন বাড়িতে আপনার ভাষাটি ব্যবহার করার দ্বারা।

## *কীভাবে আমি সাহায্য করতে পারি?*

আপনার নিজস্ব ঐতিহ্য বজায় রেখে, আপনার সন্তানের সঙ্গে বাড়ির ভাষা ব্যবহার করা প্রচলিত রাখুন। আপনার বাড়ির ভাষাটি ব্যবহার করার জন্য সুযোগের অনুসন্ধান করুন, যেমন আপনার সন্তানটির সঙ্গে তারা স্কুলে কী শিখছে সেই বিষয়ে কথা বলা। আপনার সন্তানের সঙ্গে করা সকল কিছুই প্রচলিত রাখুন – গল্প বলা, গান করা, গণনা করা, পড়া – সবকিছুই আপনার বাড়ির ভাষায়।

শ্রেণীকক্ষে আপনার বাড়ির ভাষাটি ব্যবহার করতে শিক্ষককে সাহায্য করার সুযোগগুলি গ্রহণ করুন যাতে আপনার সন্তান স্কুলে তাদের বাড়ির ভাষাটি শোনে।

মনে রাখবেন, একটি অধিক ভাষা জানা একটি দারুণ গুণ। শ্রেণীকক্ষটিকে একটি একাধিক ভাষা ব্যবহৃত হওয়া আহ্বায়ক স্থানে পরিণত করার উদ্দেশ্যে স্কুলের আপনার অংশগ্রহণ প্রয়োজন, যেখানে শিশুগুলি, যখন তারা শিখতে থাকে এবং বড় হতে থাকে, তখন সকল ভাষাভিত্তিক দক্ষতাগুলি ব্যবহার করতে পারে।

Insert School PK Program Information Here





# উদীয়মান একাধিক ভাষাভিত্তিক শিক্ষার্থীদের পরিবারগুলিকে নিউ ইয়র্ক স্টেটের প্রিকিন্ডারগার্টেনে স্বাগত





# স্বাগতম!

প্রিকিন্ডাগার্টেনে প্রবেশ করাটি শিশুগুলির জন্য একটি রোমাঞ্চকর সময়। প্রিকিন্ডারগার্টেনের শ্রেণীকক্ষে, আপনাদের সন্তানগুলি তাদের শিক্ষা-পথে যাত্রা শুরু করবে। তারা নতুন বন্ধু পাবে, গল্প শুনবে, গান গাইবে, নাচ করবে, এবং শিখবে। এই সকল কার্যকলাপগুলি, শিশুগুলি কীভাবে শিখবে এবং গুরুত্বপূর্ণ শিক্ষাভিত্তিক এবং ভাষাভিত্তিক দক্ষতাগুলি গড়ে তুলবে তারই অঙ্গস্বরূপ। আপনারা, শিক্ষক, এবং পরিবারের অন্যান্য সদস্যরা আপনাদের সন্তানগুলিকে শিখতে সাহায্য করার জন্য একসঙ্গে কাজ করতে পারে। স্কুল এবং বাড়ির মধ্যে একটি শক্তিশালী সংযোগ গড়ে তোলাটি আপনাদের জন্য গুরুত্বপূর্ণ। একটি দল হিসাবে, আমরা শিশুগুলির শিক্ষাপ্রাপ্তির ক্ষেত্রে সহায়তা করতে পারি। আমরা আপনাদের বিদ্যালয় সম্প্রদায়ের সঙ্গে আপনার পরিবারের সেই সংযোগটি গড়ে তোলার জন্য রোমাঞ্চিত।

প্রিকিন্ডারগার্টেনে, আমরা পরিবারগুলির তাঁদের শিশুগুলিকে স্নেহ করার এবং সাহায্য করা পন্থাগুলির প্রতি সম্মান জানাই। আমরা, আপনার শিশুগুলিকে সাহায্যে করার লক্ষ্যে একত্রে কাজ করতে চাই। সেটি করার জন্য, আমরা আপনার পরিবার, আপনার ঐতিহ্য, আপনার সংস্কৃতি এবং আপনাদের ব্যবহার করা ভাষার সম্পর্কে জানতে চাই।



# দ্বিভাষী এবং বহুভাষী শিশুগুলি

একটির বেশি ভাষা জানাটি হল একটি সুবিধা। নিউ ইয়র্কের বহু পরিবার বাড়িতে একাধিক ভাষায় কথা বলেন। কোনো কোনো সময়ে ছোট শিশুগুলি, তাদের বাড়ি ভাষা এবং খুবই কম ইংরাজি বলে, প্রিকিন্ডারগার্টেন শুরু করে। আমরা আপনার ছোট শিশুটিকে একটি অধিক ভাষা শেখা প্রচলিত রাখতে এবং যখন তারা বড় হয়ে উঠবে তখন, দ্বিভাষী অথবা বহুভাষী হতে উৎসাহিত করি।

আপনাদের দ্বিভাষী অথবা বহুভাষী শিশুগুলির, যখন তারা ইংরাজি শেখে তখন মানিয়ে নেওয়ার জন্য একটু সময়ের প্রয়োজন হতে পারে। তাদের শব্দভান্ডার গড়ে তোলার এবং তাদের নিজেদের একাধিক ভাষায় প্রকাশ করার জন্য সময়ের প্রয়োজন হবে। আপনাদের সন্তানগুলি, ইংরাজি শেখার সাথে সাথে গুরুত্বপূর্ণ দক্ষতা এবং ধারণাগুলি শেখাও প্রচলিত রাখবে। এই মানিয়ে নেওয়ার সময়টি ভীতিপ্রদ হতে পারে এবং একাধিক প্রশ্নের উদ্রেক করতে পারে। আপনাদের সাহায্য করার লক্ষ্যে, আমরা এই পুস্তিকাটিতে কয়েকটি সাধারণ প্রশ্নের উত্তর দিয়েছি।



## *আমাদের কী বাড়িতে ইংরাজি বলা উচিত?*

আপনি বাড়িতে যে ভাষা ব্যবহার করেনে সেটি হল আপনার সন্তানের জন্য একটি সম্পদ-ভান্ডার। এমন কী যখন আপনার শিশুটি আরও বেশি করা ইংরাজি শব্দগুলি শিখতে থাকে তখনও, আপনার বাড়ির ভাষা ব্যবহার করে কথা বলা, পড়া, এবং তাদের সঙ্গে মিথষ্ক্রিয়া করার প্রচলিত রাখা ভালো। এটি তাদের দ্বিভাষী অথবা বহুভাষী হতে সাহায্য করে, এবং এটি তাদের ভাষাভিত্তিক দক্ষতা গঠনে এবং তাদের শিক্ষা গ্রহণ প্রচলিত রাখতে সাহায্য করে। স্কুলে শিশুদের করা সকল কার্যকলাপ এবং প্রোজেক্টগুলি বাড়িতে আপনার বাড়ির ভাষা ব্যবহার করেও করা যেতে পারে। গবেষণার থেকে দেখা যায় যে বাড়ির ভাষা ব্যবহার করাটি ইংরাজিতে কথা বলতে, পড়তে অথবা লিখতে অথবা একটি নতুন ভাষা শেখার ক্ষেত্রে বিঘ্ন সৃষ্টি করে না। আপনার বাড়ির ভাষা ব্যবহার করা পড়তে এবং লিখতে শেখার ক্ষেত্রে সাহায্য করে। দ্বিভাষী অথবা বহুভাষী হওয়ার একাধিক সুবিধা আছে এবং সেটি মস্তিষ্কের জন্য ভালো।

কোনো কোনো সময়ে পরিবারগুলি বাড়ির ভাষার ব্যবহার পরিত্যাগ করেন কারণ তাঁরা মনে করেন ইংরাজির উপর মনোনিবেশ করা তাঁদের শিশুগুলির জন্য উত্তম। আপনার সন্তানটি আপনার বাড়ি ভাষাটিকে না হারিয়েই ইংরাজি শিখতে পারে। এটি, যেকোনো একটি ভাষা নির্বাচন করে নিতে হবে এমন নয়। আপনার বাড়ির ভাষাটি হল আপনার উত্তরাধিকার এবং পরিচিতির একটি মূল্যবান অঙ্গ। দ্বিভাষা অথবা বহুভাষী হওয়াটি আপনার সন্তানের জীবনকে সমৃদ্ধ করবে। আপনার উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ভাষাটি ব্যবহার করতে সক্ষম হওয়াটি হল আপনার সন্তান এবং আপনার পরিবারের জন্য একটি সম্পদ।

দ্বিভাষী পরিবারগুলিতে, কোনো কোনো সময়ে শিশুগুলি একে অপরের সঙ্গে ইংরাজিতে কথা-বার্তা বলে, কিন্তু তারা প্রাপ্তবয়স্কদের সঙ্গে তাদের বাড়ির ভাষাতেই কথা বলে। শিশুগুলি, তাদের চারিপাশের মানুষদের কথা বলার ভাষাগুলির সম্পর্কে সচেতন হয়। যদি তারা ভাষাটি জানে, তাহলে তারা সেটি কখন ব্যবহার করতে হবে সেটি ঠিক করে নেবে। আপনার বাড়ির ভাষাটিই সর্বদা আপনাদের সন্তানদের কাছে গুরুত্বপূর্ণ হবে। আপনারা, আপনাদের বাড়ির ভাষা ব্যবহার করা প্রচলিত রেখেও আপনাদের দ্বিভাষীত্ব অথবা বহুভাষীত্ব বজায় রাখতে পারেন।

